**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ০৩ এ, **বিজ্ঞপ্তি** তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ / ০৭ জুন ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ ভার্চুয়াল পদ্ধতিতে বিশেষ কিছু দেওয়ানী ও ফৌজদারী মামলা/আপীল দায়ের এবং ফৌজদারী মামলায় রিমান্ড শুনানি সম্পর্কিত অতিরিক্ত বিশেষ প্র্যাকটিস নির্দেশনা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার অধ্যাদেশ, ২০২০ (অধ্যাদেশ নং-০১, ২০২০) এর ৫ ধারার ক্ষমতাবলে এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) রোধকল্পে সামাজিক দূরত্ব নিশ্চিতকরণার্থে এবং শারীরিক উপস্থিতি ব্যতিরেকে বিচারকার্য পরিচালনার লক্ষ্যে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি হাইকোর্ট বিভাগ কর্তৃক পূর্বের প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সুপ্রীম কোর্টের ১০ মে ২০২০ খ্রিস্টাব্দের ২১৪এ নং বিজ্ঞপ্তিমূলে প্রচারিত বিশেষ প্র্যাকটিস নির্দেশনার ধারাবাহিকতায় নিম্নরূপ অতিরিক্ত বিশেষ প্র্যাকটিস নির্দেশনা জারি করলেনঃ

১) Negotiable Instruments Act, 1881 (Act No. XXIV of 1881)-এর অধীন মামলা দায়েরসহ যেসব দেওয়ানী এবং ফৌজদারী মামলা দায়ের/আপীল দায়েরের ক্ষেত্রে আইনে সুনির্দিষ্ট সময়সীমা নির্ধারণ করা আছে এবং যেসব মামলা বা আপীল দায়েরের ক্ষেত্রে Limitation Act, 1908 (Act No. IX of 1908)-এর ৫ ধারার বিধান প্রযোজ্য নয়, সেসব মামলা বা আপীলের ফাইলিং ভার্চুয়াল পদ্ধতিতে গ্রহণ করা যাবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট বিচারক/ম্যাজিস্ট্রেট তা গ্রহণ করে শুনানি/Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898)-এর ২০০ ধারার অধীন জবানবন্দি গ্রহণের জন্য উপযুক্ত সময়ে একটি তারিখ নির্ধারণ করবেন।

২) ফৌজদারী কোনো মামলার আসামীর রিমান্ড শুনানির ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলখানায় ভার্চুয়াল কনফারেন্সের লিংক প্রেরণ করে শুনানি গ্রহণকারী ম্যাজিস্ট্রেট কর্তৃক আসামীকে কারাগার কর্তৃপক্ষের মাধ্যমে ভার্চুয়াল পদ্ধতিতে স্বচক্ষে দেখে শুনানি করা সম্ভব হলে রিমান্ড শুনানি করা যাবে।

৩) পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এ আদেশ কার্যকর থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-
(মোঃ আলী আকবর)
রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

স্মারক নং- ২৮৫২ এ, তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ / ০৭ জুন ২০২০ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ........................................ (সকল) (অধীনস্ত বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
৪. বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ.................................. (সকল)
৫. চেয়ারম্যান/সদস্য, প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল/শ্রম আপীল আদালত/প্রশাসনিক ট্রাইব্যুনাল/শ্রম আদালত..................................... (সকল)
৬. চেয়ারম্যান/সদস্য, কোর্ট অব সেটেলম্যান্ট/নিম্নতম মজুরী বোর্ড/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল.................................. (সকল)
৭. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/জন নিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/দ্রুত বিচার ট্রাইব্যুনাল............................ (সকল)
৮. বিচারক, পরিবেশ আপীল আদালত/সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল.................. (সকল)
৯. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট.................. (সকল) (অধীনস্ত বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
১০. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১১. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১২. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, ........................................ (সকল)
১৩. নোটিশ বোর্ড।

09.06.2020
(মোঃ মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)